দৈনিক সংবাদ

27

তারিখ ... ... ৪।৫।৯৫
পৃষ্ঠা ৮ কলাম ৩ ... ...

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# অননুমোদিতভাবে বিদেশ থাকায় ৩৩ জন শিক্ষক বরখাস্ত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৯৯২ সাল থেকে গত ৩ বছরে অননুমোদিতভাবে বিদেশে থাকার ফলে ৩৩ জন শিক্ষককে বরখাস্ত করেছে।

১৯৯২-৯৩ ও ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষে অননুমোদিতভাবে বিদেশে থাকার ফলে ২৬ জন শিক্ষককে বরখাস্ত করেছে। ১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষে বরখাস্ত করেছে ৭ জন শিক্ষককে। এভাবে শিক্ষক বরখাস্তের ফলে শিক্ষকদের মধ্যে অননুমোদিতভাবে বিদেশে থাকার প্রবণতা কমেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের একটি বিশ্বস্ত সূত্রে এ তথ্য জানা গেছে।

সূত্র জানায়, বর্তমানে বিশ্ববিদ্যালয়ের ৬৮ জন শিক্ষক অনুমোদিতভাবে বিদেশে অবস্থান করে গবেষণা ও উচ্চতর শিক্ষা গ্রহণ করছেন। সূত্র মতে, অননুমোদিত-ভাবে বিদেশে অবস্থানকারী ২১ জন শিক্ষক সম্প্রতি দেশে ফিরে এসেছেন। কর্তৃপক্ষ বলছে, তারা এ ২১ জন শিক্ষকের নিকট পাঁচবার চিঠি পাঠিয়ে তাদের ছুটির মেয়াদ শেষ হয়ে যাবার কথা জানায়। কিন্তু শিক্ষকরা বলছেন তারা কোন চিঠি পাননি।

এ ২১ জনের ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বিভাগ থেকে তথ্য সংগ্রহ করছে. এদের ব্যাপারে শিগগিরই সিদ্ধান্ত নেয়া হবে বলে জানা গেছে।

সূত্র জানায়, এ বছরের জানুয়ারি মাসে অনুষ্ঠিত সিন্ডিকেটের বৈঠকে ৭ জন শিক্ষককে বরখাস্ত করার সিদ্ধান্ত নেয়া হয়। এ ৭ জন শিক্ষক হচ্ছেন ঃ ব্যবসায় প্রশাসন ইন্সটিটিউটের সহকারী অধ্যাপক ডঃ মোঃ শামসুর, রহমান, মার্কেটিং বিভাগের সহকারী অধ্যাপক কাজী মোঃ আলী, কম্পিউটার কেন্দ্রের প্রোগ্রামার হাসান জামিল, ফার্মেসী বিভাগের সহকারী অধ্যাপক ডঃ কামরুন নাহার, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের প্রভাষক এ. কে. এম মাহবুবুল আলম মার্কেটিং বিভাগের সহকারী অধ্যাপক এ. কে. এম ফজলুল হক শাহ ও উদ্ভিদ বিজ্ঞান বিভাগের প্রভাষক হাফিজুর রহমান।